গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১০১.২০১৯/ ১৫৪৬/৭ তারিখ: ৩১/১২/২০২০খ্রিস্ট্রাব্দ

বিষয় : পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন খিদিরপুর ডিগ্রি কলেজের প্রভাষক জনাব মোঃ গোলাম আযম কে পদোন্নতি ও টাইমস্কেল প্রদান সংক্রান্ত।

সূত্র : ১। রিট পিটিশন নং- ৯৭২৪/২০১৯ এর রায় ও আদেশ এবং কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ মামলার রুল;
২। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.১২.০০১.১৯.২৬৬; তারিখ: ১০/১০/২০১৯খ্রি.
৩। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৭.২০-২৮৫; তারিখ: ১৫/১০/২০২০খ্রি.
৪। মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১০১.২০১৯/১২০৪/৭; তারিখ: ০৮/১১/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন খিদিরপুর ডিগ্রি কলেজের কলেজের প্রভাষক জনাব মোঃ গোলাম আযম ও জনাব মোঃ আমজাদ হোসেনের সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি ও টাইমস্কেল না পাওয়ার অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনাকে জেলা প্রশাসক, পাবনা দায়িত্ব প্রদান করেন। তদন্ত প্রতিবেদনে অভিযোগকারী জনাব মোঃ গোলাম আযম, প্রভাষক, পৌরনীতি ও সুশাসন এর সহকারী অধ্যাপক পদে পদোন্নতির প্রাপ্যতা রয়েছে মর্মে উল্লেখ করা হয়। জেলা প্রশাসক, পাবনা তদন্ত প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করেন। জেলা প্রশাসকের পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২নং সূত্রে পত্র প্রেরণ করেন। এর প্রেক্ষিতে জনবল কাঠামো ২০১৮ এর ধারা (১৩) মোতাবেক নির্ধারিত ছকে শিক্ষক তালিকা, সকল তথ্য প্রমাণ, নিয়োগ ও এমপিও সংক্রান্ত কাগজপত্র প্রেরণ করার জন্য ০৬/১১/২০১৯খ্রি. তারিখ অত্র অত্র অধিদপ্তর থেকে পত্র প্রেরণ করা হয়।

এদিকে বিষয়টি নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ গোলাম আযম মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৭২৪/২০১৯ দায়ের করেন। পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ দায়ের করেন। বর্ণিত রিট পিটিশনের রায় ও আদেশ, কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ মামলার রুল এবং শিক্ষা মন্ত্রণালয়ের ২ ও ৩নং সূত্রস্থ পত্র মোতাবেক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী পিটিশনার জ্যেষ্ঠ হলে এবং প্রাপ্যতা থাকলে সহকারী অধ্যপক পদে পদোন্নতি ও টাইম স্কেল প্রদানের ব্যবস্থা গ্রহণসহ অন লাইনে আবেদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিষ্পত্তি করে মাউশিকে অবহতি করার জন্য অধ্যক্ষকে সূত্রস্থ (৪) নং পত্র পত্র দেয়া হয়। মাউশির পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষ জবাব প্রেরণ করেন।

**অধ্যক্ষের জবাব:** পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন খিদিরপুর ডিগ্রি কলেজের কলেজের প্রভাষক জনাব মোঃ গোলাম আযম এর সহকারী অধ্যাপক পদের প্রাপ্যতা রয়েছে। কিন্তু তৎকালীন গভর্নিং বডি ১৯/০১/২০১০খ্রি. তরিখে সভায় বিভিন্ন অভিযোগ থাকায় তার পদোন্নতি স্থগিত রাখা হয়। পরবর্তীতে জনাব মোঃ গোলাম আযম জেলা প্রশাসক পাবনার মাধ্যমে তদন্ত প্রতিবেদন মাউশি বরাবরে প্রেরণ করে। বিষয়টি গভর্নিং বডির সিদ্ধান্ত প্রয়োজন দেখা দেয়। কিন্তু গভর্নিং বডির সভাপতি জনাব শামসুর রহমান শরীফ, এমপিও পাবনা- ৪ ও সাবেক ভূমি মন্ত্রীর শারীরিক অসুস্থতায় দীর্ঘদি বিদেশে চিকিৎসাধীন থাকার কারণে এবং করোনা কালীন সময়ে কমিটির কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। জনাব শামসুর রহমান, এমপিও এর মৃত্যুর কারণে বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয় উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনাকে অত্র কলেজের সভাপতি মনোনয়ন দেওয়ায় গত ২৬/১১/২০২০খ্রি. তারিখে গভর্নিং বডির ২৮ নং সভায় সর্বসম্মতিক্রমে জনাব মোঃ গোলাম আযম, প্রভাষক, পৌরনীতি ও সুশাসনকে প্রভাষক পদ থেকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। জনাব মোঃ গোলাম আযম, প্রভাষক, পৌরনীতি ও সুশাসনকে ইহোপূর্বে টাইম স্কেল প্রদান করা হয়েছে মর্মে অধ্যক্ষ জানান।

বর্ণিত বিষয়ে আইন শাখার মতামত: "অধ্যক্ষকে অন লাইনে AP স্কেল এর আবেদন অঞ্চলে প্রেরণপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য পুনরায় পত্র প্রেরণ করা যায়। কনটেম্পট কোর্টে নিস্পিত্তির পত্র দাখিল করা হবে"।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে আইন শাখার মতামত অনুযায়ী অন লাইনে AP স্কেল এর আবেদন অঞ্চলে প্রেরণপূর্বক বিষয়টি নিশ্চিত করে তার প্রমাণকসহ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মাউশিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

31.12.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
খিদিরপুর ডিগ্রি কলেজ
আটঘরিয়া, পাবনা

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব, আইন-২ শাখা)
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী (বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ)
৩। সভাপতি, পরিচালনা পরিষদ, খিদিরপুর ডিগ্রি কলেজ, আটঘরিয়া, পাবনা (বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ)
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৫। শিক্ষা অফিসার (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬। জেলা শিক্ষা অফিসার, পাবনা (অধ্যক্ষ কর্তৃক পত্র প্রাপ্তির বিষয়টি নিষ্পত্তি করার অনুরোধসহ)
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা (অধ্যক্ষ কর্তৃক পত্র প্রাপ্তির বিষয়টি নিষ্পত্তি করার অনুরোধসহ)
৮। জনাব মোঃ গোলাম আযম, পৌরনীতি ও সুশাসন, খিদিরপুর ডিগ্রি কলেজ, আটঘরিয়া, পাবনা
৯। সংরক্ষণ নথি।